# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

সংশোধিত পত্র

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬৩৩ তারিখ: ২৮/০৯/২০২৬

জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে ২য় ধাপে আবেদনের সিডিউল পুনর্নির্ধারণ প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এর পত্র নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬২৮, তারিখ: ২১/০৯/২০২৬।

উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে বিপুল সংখ্যক শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন বাতিল না করা এবং ভর্তি না হওয়ায় সৃষ্ট জটিলতা নিরসনে ২য় ধাপের ভর্তি প্রক্রিয়া নিম্নে বর্ণিত ছক অনুসারে পুনর্নির্ধারণ করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকসহ সকলকে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: (**https://xiclassadmission.gov.bd**) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। **সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।**

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে:**

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি;

২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে নিশ্চায়ন করতে পারেনি কিংবা কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি;

৩। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু ভুল কোটা নির্ধারণ করায় কলেজে ভর্তি হতে পারেনি।

**২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে online এর মাধ্যমে ২য় ধাপে ভর্তির আবেদন, ফল প্রকাশ ও ভর্তি সংক্রান্ত সিডিউল:**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ২য় ধাপে ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ | ২৭/০৯/২০২৬ (রবিবার) থেকে ০১/১০/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০টা পর্যন্ত) |
| ২ | ২য় ধাপে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ০৫/১০/২০২৬ (সোমবার রাত ৮:০০ টা) |
| ৩ | শিক্ষার্থীদের **নির্বাচন** নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে **নির্বাচন** এবং আবেদন বাতিল হবে) | নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশের পর থেকে ০৮/১০/২০২৬ (বৃহস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৪ | পছন্দক্রম অনুযায়ী শুধুমাত্র ২য় ধাপে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশনের ফল প্রকাশ | ০৯/১০/২০২৬ (শুক্রবার রাত ৮:০০ টা) |
| ৫ | ভর্তি | ১১/১০/২০২৬ (রবিবার) থেকে ১৩/১০/২০২৬ (মঙ্গলবার) |

**বিঃ দ্রঃ উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ১ম ধাপে আবেদন করেও কলেজ সিলেকশন পায়নি ২য় ধাপে আবেদনের ক্ষেত্রে শুধুমাত্র তাদের অনলাইন আবেদন ফি (২২০/-) জমা দিতে হবে না। এ ধরণের শিক্ষার্থীদের ভর্তি ওয়েবসাইটে লগইন করে কলেজ সিলেকশন/এডিট সম্পন্ন করতে হবে। ২য় ধাপে আবেদনের সময় কোটা নির্ধারণের ক্ষেত্রে কোটার যোগ্যতা বুঝে আবেদন করা এবং ফল প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চায়ন ফি জমা দেয়া এবং সিলেকশনপ্রাপ্ত কলেজে ভর্তির সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অনুরোধ করা যাচ্ছে।**

২৮/০৯/২৬

প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬৩২ তারিখঃ ২৮/০৯/২০২৬

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়ঃ** **২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ১ম ধাপে নিশ্চায়নকৃত শিক্ষার্থীদের ২য় ধাপে অনলাইনের মাধ্যমে আবেদন সংক্রান্ত।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে যে সকল শিক্ষার্থী ১ম ধাপে চূড়ান্ত মনোনয়ন পেয়ে নিশ্চায়ন করেছে কিন্তু কলেজে কোন কারণে ভর্তি হতে পারেনি বা ভর্তি হতে ইচ্ছুক নয় বা ভর্তি হলেও অন্য কলেজে নতুন করে আবেদন করতে চায় সে সকল শিক্ষার্থীগণ ২য় ধাপে আবেদন করতে চাইলে সংশ্লিষ্ট বোর্ডের কলেজ শাখায় (**০১/১০/২০২৬ তারিখ বৃহস্পতিবার বিকাল ৪:০০ টার মধ্যে**) গিয়ে ১ম ধাপের আবেদন/ভর্তি বাতিল করতে হবে। আবেদন/ভর্তি বাতিল এর ক্ষেত্রে প্রমাণক হিসেবে **মূল রেজিস্ট্রেশন ও এডমিট কার্ড** সাথে থাকতে হবে।

28/09/26

**প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান**
সভাপতি
আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

**সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকগণ**